SUTAHATA P.S.

# FIRST INFORMATION REPORT

W.B.P. Form No. 27

1696

First Information of a cognizable crime reported under section 154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba Mdp Sub-Divn. Haldia P.S. Sutahata Year 2017 FIR NO. 96/17 Date. 28.01.17
2. i) Act IPC Section 420/406/34 IPC ii) Act Sections
2. ii) Act Section iv) Other Act & Sections
3. a) General Diary Reference : Entry No. 1106 Time at 18:40 hrs.
   b) Occarrence of Offence : Day Monday Date 07.12.15. Time not noted
   c) Information received Date 28.01.17. Time at 18:40 hrs.
   G. D. No. 1106 at the Police Station :
4. Type of Information. Written / Oral MP case no. 427/16-II
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. 09 Km West from P.S.
   b) Address Chaitanyapur, JL No. 64 Chaitanyapur Gr.P. P.S-Sutahata Dist-Purba Medinipur
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint /Informant :
   a) Name Smt. Priti Pal
   b) Father's / Husband's Name Debasish Pal
   c) Date/Year of Birth not noted
   d) Nationality Indian
   e) Address vill+P.O-Chaitanyapur P.S-Sutahata Dist-Purba Medinipur.
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (Attach separate sheet, if necessary) (1) Narayan Ch. Das, Chairman, Tamralipta Pratik Welfare Mission, Fancy Market,
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant Haldia Township, P.S-Haldia Dist-Purba Medinipur. (2) Surapan Pradhan C/O-Joymaa Kali Pool Netting, vill-Handdle P.O- Tilantapara P.S-Pingla Dist-~~Purba~~ Paschim Medinipur
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) :
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. If any :
12. FIR Contents : (Attach separate sheets, if required) : The original written complaint U/S 156(3) Cr.P.C. which is treated as FIR is attached herewith
13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 420/406/34 IPC.

register the case and ~~took up the investigation~~/directed SI Tarit Kr. Banerjee to take up the investigation transferred to P. S. on point of jurisdiction FIR read over to the Comp'aint / informant, admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Signature of the Office-in-charge, Police Station with [signature] 28/1/17

Name AMIT DEB

Rank SI of Police

Number, if any O/C Sutahata P.S.

Officer-in-Charge
Sutahata PS
Purba Medinipur

Signature / ~~Thumb Impression~~ of the Complainant / ~~Informant~~ is on the Court Complaint

JR-769
06.02.17.

মোকাম অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় বিচারক-২, হলদিয়া আদালত

এম. পি. নং-427-/২০১৬-17

| বাদী | | আসামী |
|---|---|---|
| শ্রীমতি প্রীতি পাল<br>স্বামী-শ্রী দেবাশীষ পাল ,<br>সাং+ পোঃ-চৈতন্যপুর,<br>থানা-সুতাহাটা,<br>জেলা-পুর্বমেদিনীপুর। | ১। | শ্রী নারায়ন চন্দ্র দাস<br>চেয়ারম্যান, তাম্রলিপ্ত প্রতীক<br>ওয়েলফেয়ার মিশন,<br>ফ্যান্সি মার্কেট, হলদিয়া টাউনশীপ,<br>থানা-হলদিয়া, জেলা-পুর্বমেদিনীপুর। |
| | ২। | শ্রী স্বপন প্রধান<br>প্রযত্নে-জয় মা কালী উল নিটিং,<br>গ্রাম-হ্যান্ডাল, পোঃ-তিলন্তাপাড়া,<br>থানা-পিংলা, জেলা-পশ্চিম মেদিনীপুর। |

উপরোক্ত বাদী নিবেদন করে যে,

এক নং আসামী তাম্রলিপ্ত প্রতীক ওয়েলফেয়ার মিশনের চেয়ারম্যান ও দুই নং আসামী মহিলাদের স্বনির্ভর করিবার লক্ষ্যে উল নিটিং ট্রেনিং দেওয়া ও উলের পোষাক তৈরি করিবার ব্যবস্থা করেন।আসামীগন উক্ত সংস্থার অধীনে কাজ করে।

আসামীগন বেশী দামের মেশিন নিলে বেশী টাকা আয় হইবে এই প্রতিশ্রুতি ও প্রলোভন অধিনার মত বিভিন্ন মহিলাদের দেখিয়ে *প্রধানমন্ত্রী মুদ্রা যোজনায়* ৫০,০০০ লোন পাইয়ে দিবার প্রতিশ্রুতি দিয়া থাকেন। আসামীরা এইভাবে সুতাহাটা থানাধীন চৈতন্যপুর এলাকায় অধীনা সহ দশজন মহিলাকে ইউ. বি আই, চৈতন্যপুর শাখা হইতে লোন দেওয়ার ব্যবস্থা করেন।

উক্ত শাখার ম্যানেজার আসামীদের সহযোগিতায় অধীনা সহ উক্ত মহিলাদের দামী মেশিন দেওয়ার ব্যবস্থা করেন।

দুই নং আসামী উক্ত ব্যাঙ্কের উক্ত শাখার ম্যানেজার মহাশয়কে *ব্রাদার হ্যান্ড নিটিং মেশিন, মডেল নং-KH871,* যাহার ভ্যাট সহ দাম ৩৭০০২ টাকা, দুটি কোটেশান দেন অধীনাও এক নং সাক্ষীর জন্য।

উক্ত কোটেশান মুলে উক্ত শাখা প্রবন্ধক/ম্যানেজার গত ইংরাজী ০৭-১২-২০১৫ তারিখ দুটি মেশিনের ডেলিভারি অর্ডার দেন।

allowed

Received on 28.01.17 at 18:40 hrs & Sutahata PS case no. 46/17 dt- 28.01.17 u/s- 420/406/34 IPC.

28/1/17

Officer-in-Charge
Sutahata PS
Purba Medinipur

FILED ON
30 DEC 2016

কিন্তু দুই নং আসামী উক্ত *কোটেশান তথা ডেলিভারী অর্ডার* মোতাবেক দুটি মেশিনের জন্য ৩৭০০২ টাকা করিয়া গ্রহন করা সত্বেও উক্ত *কোটেশান তথা ডেলিভারী অর্ডার* মোতাবেক মেশিন সাপ্লাই না করিয়া কম মুল্যের তথা অন্য মডেলের মেশিন (মডেল নং-KH881, মূল্য-২০০০০ টাকা করিয়া) সরবরাহ করেন। অর্থাৎ এক্ষেত্রে দুটি মেশিনে ১৭০০২ টাকা করিয়া, একুনে মোট ৩৪০০৪ টাকা আসামীরা পরস্পর যোগসাজশে আত্মস্মাৎ করিয়াছেন। কিন্তু অধীনা সহ এক নং সাক্ষীকে প্রত্যেকের প্রাপ্য উক্ত ৫০,০০০ টাকার উপরে মাসিক কিস্তি সহ সুদ পরিশোধ করিতে বাধ্য হইতেছি। এমনকি আসামীরা তাহাদের পূর্ব প্রতিশ্রুতি মত কার্য্যও করেন নাই। আসামীরা পরস্পর যোগসাজশে অধীনা ও এক নং সাক্ষীর সহিত বিশ্বাসভঙ্গ ও প্রতারনার কার্য্য করিয়াছে।

আসামীরা তাহাদের নিয়ত প্রতিশ্রুতি রক্ষা করেন নাই, অধিকিন্তু অধীনা ও এক নং সাক্ষীর সহিত উক্তরূপ কার্য্যপ্রনালীর দ্বারা প্রতারনা করিয়াছে।

অধীনা ও এক নং সাক্ষী আসামীদের উক্তরূপ কার্য্যপ্রনালীর উল্লেখ করতঃ ইংরাজী ২৮-১০-২০১৬ তারিখ উকিলবাবু মারফত নোটিশ দিই প্রতিকার প্রার্থী হইয়া এবং উহারা উক্ত নোটিশ যথাক্রমে ইংরাজী ০২-১১-২০১৬ ও ০৫-১১-২০১৬ তারিখ প্রাপ্ত হইলেও উক্ত নোটিশ মোতাবেক কার্য্য করেন নাই।

অধীনা সমুহ ঘটনা সুতাহাটা থানায় ইংরাজী ০৫-১২-২০১৬ তারিখ জানাইয়াছি ও থানা কোন ব্যবস্থা না নেওয়ায় বাধ্য হইয়া এস.পি. পূর্ব মেদিনীপুরকেও জানাইয়াছি। কিন্তু কোন প্রতিকার পাই নাই। সেকারনে নালিশে বিলম্ব হইল।

ঘটনার যথেষ্ট সাক্ষ্য প্রমান রহিয়াছে। আসামীরা ভাঃ দঃ বিধি আইনের ৪০৬/৪২০/৩৪ ধারা মতে অপরাধ করিয়াছে।

এমতাবস্থায় প্রার্থনা বাদীর অত্র অভিযোগপত্রটি এফ.আই.আর গন্যে মামলা রুজু সহ তদন্ত করিবার জন্য ও. সি., সুতাহাটা থানাকে ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৫৬(৩) ধারা মতে নির্দেশ দানে সুবিচার করিতে আজ্ঞা হয়।

*নিবেদন তাং-* ৩০/১২/১৬

**সাক্ষী**

১। শ্রীমতি দীপান্বিতা ঘোড়ই
২। শ্রী সোমনাথ ভৌমিক,
৩। শ্রী দীপঙ্কর গিরি,
৪। স্বস্তী প্রামানিক,
৫। ও. সি. সুতাহাটা থানা,
৬। এস.পি. পূর্বমেদিনীপুর
এবং আরো অনেকে

FILED ON

Serial No. 23896/16
Dated 30/12/16

মোকাম অতিরিক্ত মুখ্য বিচার বিভাগীয় বিচারক-২, হলদিয়া আদালত
এম. পি. নং---------/২০১৬

শ্রীমতি প্রীতি পাল----বাদী
বনাম
শ্রী নারায়ন চন্দ্র দাস দীং------আসামী

<u>হ ল ফ না মা</u>

আমি শ্রীমতি প্রীতি পাল, বয়স ৩৩ বছর, স্বামী-শ্রী দেবাশীষ পাল, সাং + পোঃ- চৈতন্যপুর, থানা-সুতাহাটা, জেলা-পূর্বমেদিনীপুর, পঃবঃ, ধর্ম-হিন্দু, পেশা-গৃহস্থালীর কার্য্য এতদ্বারা শপথ পূর্বক ঘোষনা করিতেছি যে,

১) আমি এই মামলার বাদী হইতেছি।
২) আমি এই মামলার বিষয়বস্তু লইয়া অন্য কোন আদালতে অভিযোগ করি নাই।
৩) আমার অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট থানা কোন এফ.আই.আর. দায়ের করে নাই।
৪) আমি আমার উপরোক্ত বক্তব্যের সাপেক্ষে অত্র হলফনামা করিতেছি।

উপরোক্ত বিবরন আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

শ্রীমতি প্রীতি পাল

হলফকারী

আমি জানি ও চিনি এবং আমার সাক্ষাতে সহি করিল।

Subrata Maiti
Advocate
30.12.16

DEPONENT IS IDENTIFIED AND HAS SIGNED THIS AFFIDAVIT ON OATH BEFORE ME ON THIS 30 DAY OF Dec 2016

30/12/16

DILIP KUMAR CHAKRABORTY, NOTARY
Appointed by Govt. of West Bengal
Under the Notaries Act 1952 (Act No. 53 of 1952)
for Sub-Division, Haldia
within Purba Medinipur